



- ০৮ মার্চ, ২০২৩ সকাল ১০টা থেকে দারুল কিরাতের ওয়েবসাইট www.darulqiratfultali.com এর Online Admission লিংক এর মাধ্যমে নিয়মিত ও অনিয়মিত ছাত্র এবং ছাত্রীদের অনলাইন ভর্তি কার্যক্রম শুরু হবে। অনলাইনে ভর্তির আবেদনের ক্ষেত্রে ভর্তি নির্দেশিকা অনুসরণ করতে হবে।
 - নিয়মিত ছাত্র, যারা ইতিপূর্বে আর কখনো ছাদিছ জামাতে ভর্তি হননি, তারা ০৮ মার্চ, ২০২৩ থেকে ১৬ মার্চ, ২০২৩ পর্যন্ত অনলাইনে আবেদন করতে পারবেন। নির্ধারিত সময়ের আগে আসন পূর্ণ হয়ে গেলে সময় থাকলেও আর ভর্তি নেওয়া হবে না।
 - অনিয়মিত ছাত্র এবং নিয়মিত-অনিয়মিত সকল ছাত্রীও একই সময়ে অর্থাৎ ০৮ মার্চ, ২০২৩ থেকে ১৬ মার্চ, ২০২৩ পর্যন্ত অনলাইন আবেদন করতে পারবেন।
- শারীরিকভাবে অসুস্থ কেউ ভর্তির জন্য আবেদন করবেন না। ভর্তির পরও কারো শারীরিক সমস্যা দৃষ্টিগোচর হলে ভর্তি বাতিল করা হবে।
- ছাদিছ জামাতে কেবল নিয়মিত ছাত্রদের ভর্তির ক্ষেত্রে ন্যূনতম বয়সসীমা নির্ধারণ করা হয়েছে। এ হিসেবে নিয়মিত ছাত্রদের মধ্যে যারা জন্মনসনদ অনুযায়ী ৩১ ডিসেম্বর, ২০০৯ ইং তারিখের পর জন্মগ্রহণ করেছেন তারা ভর্তি হতে পারবেন না। ছাত্রীদের ক্ষেত্রে কোনো বয়সসীমা নেই। বয়স প্রমাণের জন্য প্রত্যেক নিয়মিত ছাত্রকে জন্ম নিবন্ধন সনদ/জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ভর্তি চূড়ান্ত করার সময় জমা দিতে হবে। অনলাইনে প্রদত্ত জন্ম তারিখ ভুল প্রমাণিত হলে ভর্তি বাতিল হবে।
- নিয়মিত ছাত্রদের ভর্তি ফি জনপ্রতি ৭০০/- (সাতশত টাকা মাত্র)। নিয়মিত প্রত্যেক ছাত্রকে ১ রামাদান সকাল ১০টায় প্রধানকেন্দ্র অফিসে ভর্তি ফি জমা দিয়ে রসিদ সংগ্রহ করতে হবে। এ সময় অনলাইন থেকে প্রাপ্ত নতুন পরিচয়পত্রের ১টি ফটোকপি, ১কপি পাসপোর্ট সাইজ রঙ্গিন ছবি, রাবে ও খামিছ সার্টিফিকেটের ১টি করে ফটোকপি এবং জন্ম নিবন্ধন সনদ/জাতীয় পরিচয়পত্রের ফটোকপি জমা দিয়ে ভর্তি চূড়ান্ত করতে হবে।
- অনিয়মিত ছাত্রদের ভর্তি ফি জনপ্রতি ৬০০/- (ছয়শত টাকা মাত্র)। অনিয়মিত ছাত্রদের নিম্নোক্ত তারিখে প্রধানকেন্দ্র অফিসে ভর্তি ফি জমা দিয়ে রসিদ সংগ্রহ করতে হবে। এ সময় অনলাইন থেকে প্রাপ্ত নতুন পরিচয়পত্রের ১টি ফটোকপি, ১ কপি পাসপোর্ট সাইজ রঙ্গিন ছবি, রাবে ও খামিছ সার্টিফিকেটের ১টি করে ফটোকপি, ছাদিছ জামাতের পূর্বের মূল পরিচয়পত্র এবং জন্ম নিবন্ধন সনদ/জাতীয় পরিচয়পত্রের ফটোকপি জমা দিয়ে ভর্তি চূড়ান্ত করতে হবে। অনিয়মিত ছাত্রদের ভর্তি ফি ও কাগজপত্র জমাদানের তারিখ নিম্নরূপ:

রোল	ভর্তি ফি ও কাগজপত্র জমাদানের তারিখ	সময়
১০০১-১৩০০	৩ রামাদান, ১৪৪৪ হিজরী	সকাল ১০.০০ টা
১৩০১-১৬০০	৪ রামাদান, ১৪৪৪ হিজরী	সকাল ১০.০০ টা
১৬০১-শেষ পর্যন্ত	৫ রামাদান, ১৪৪৪ হিজরী	সকাল ১০.০০ টা

- ছাত্রীদের ভর্তি ফি জনপ্রতি ৫০০/- (পাঁচশত টাকা মাত্র)। ছাত্রীদের ভর্তি ফি ১৭ মার্চ, ২০২৩ থেকে ২১ মার্চ, ২০২৩ পর্যন্ত প্রধানকেন্দ্র ফুলতলী ছাহেব বাড়ি অফিসে অথবা সোবহানীঘাট হাজী নওয়াব আলী মার্কেটের ২য় তলায় (আনজুমায়ে আল ইসলামিয়া সিলেট বিভাগীয় কার্যালয়ে অভিভাবক/প্রতিনিধির মাধ্যমে সকাল ১১টা থেকে বিকাল ৪টার মধ্যে জমা দিতে হবে। এ সময় অনলাইন থেকে প্রাপ্ত নতুন পরিচয়পত্রের ১টি ফটোকপি, এক কপি পাসপোর্ট সাইজ রঙ্গিন ছবি, রাবে ও খামিছ সার্টিফিকেটের ১টি করে ফটোকপি এবং জন্মনিবন্ধন সনদ/জাতীয় পরিচয়পত্রের ফটোকপি জমা দিয়ে ভর্তি চূড়ান্ত করতে হবে। ভর্তির কাগজপত্র জমার ক্ষেত্রে ছাত্রীদের আসার প্রয়োজন নেই। ছাত্রীগণ অভিভাবকের মাধ্যমে ভর্তি হবেন।
- নির্ধারিত তারিখের পূর্বে বা পরে ভর্তি বা কাগজপত্র জমা দেওয়ার কোনো সুযোগ থাকবে না।
- এ বছর মানোন্নয়নে কোনো ছাত্র ভর্তি করা হবে না। দুই বা তিন বছর অন্তর অন্তর মানোন্নয়নে ছাত্র ভর্তি নেওয়া হবে।
- ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের মধ্যে কেউ নাম ঠিকানা পরিবর্তন করতে চাইলে ৭ থেকে ১০ রামাদানের মধ্যে প্রমাণপত্র (প্রাতিষ্ঠানিক সার্টিফিকেট, জন্মনিবন্ধন সনদ ও স্থানীয় কারী সোসাইটির প্রত্যয়নপত্র) সহ আবেদন করতে হবে। পরবর্তীতে কোনো সময় আর নাম ঠিকানা পরিবর্তন করা যাবে না।
- অনিয়মিত ছাত্রদের ক্লাস ও বোর্ডিং এ অবস্থানের কোনো সুযোগ থাকবে না।
- ছাত্রীদের ও ক্লাসের কোনো সুযোগ নেই। ছাত্রীগণ কেবল পরিচয়পত্রে প্রদত্ত নির্ধারিত তারিখে কিরাত ও তাজবীদ পরীক্ষায় অংশগ্রহণ করবেন।
- নিয়মিত ছাত্রদের মধ্যে যারা বোর্ডিং-এ অবস্থান করবেন তাদের আবাসিক রুম ও সীট নম্বর ২৯ শাবান প্রধান কেন্দ্রের নোটিশ বোর্ডে টানিয়ে দেওয়া হবে।
- ছাত্রগণ ২৯ শাবান ফুলতলীতে আসবেন। কোনোভাবেই এর পূর্বে কেউ আসবেন না। ২৯ শাবানের পূর্বে ছাত্রদের থাকা-খাওয়ার কোনো ব্যবস্থা করা হয় না।
- ১ রামাদান সকাল ৯টা থেকে ক্লাস শুরু হবে। সবাইকে এর পূর্বে অবশ্যই উপস্থিত হতে হবে।
- কোনো ছাত্র চাইলে লজিং-এ অবস্থান করতে পারবে। তবে বাজার বা কোনো দোকানে রুম ভাড়া করে থাকা যাবে না।
- আবাসিক ছাত্রদের পরবর্তী প্রয়োজনের জন্য দুই কপি পাসপোর্ট সাইজ ছবি সাথে রাখতে হবে।
- বোর্ডিং এ অবস্থানে ইচ্ছুক ছাত্রদের নিত্যপ্রয়োজনীয় আসবাবপত্র যেমন- বিছানা, জায়নামায, ছাতা, প্রেইট, গ্রাস, বাটি সঙ্গে আনতে হবে। নিত্য প্রয়োজনীয় নয় এমন এবং দামী কোনো জিনিস সাথে না আনাই বাঞ্ছনীয়।

মুহাম্মদ হুছামুদ্দীন চৌধুরী
নাঈম

বিশেষ প্রয়োজনে কর্তৃপক্ষ যে কোনো নিয়ম পরিবর্তনের অধিকার সংরক্ষণ করেন।